

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-৯৩

তারিখ: ২৪ শ্রাবণ, ১৪২৮  
০৮ আগস্ট, ২০২১

বিষয়: ২০২১ সালের আলিম পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট মূল্যায়ন মনিটরিং প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-৮১; তারিখ: ২৭ জুলাই, ২০২১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কোভিড ১৯ অতিমারির কারণে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) কর্তৃক প্রণীত ২০২১ সালের আলিম পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণয়নকৃত প্রথম পর্যায়ে ০২ (দুই) সপ্তাহের অ্যাসাইনমেন্ট এবং মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক অ্যাসাইনমেন্ট মূল্যায়নের জন্য কভার পৃষ্ঠা ২৭ জুলাই ২০২১ তারিখে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা হতে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বর্ণিত নির্দেশনার আলোকে মাঠ পর্যায়ে শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রম সংযুক্ত ছক অনুযায়ী যথাযথভাবে পরিচালিত হচ্ছে কি না মনিটরিং করা প্রয়োজন।

সে লক্ষ্যে সকল আঞ্চলিক উপ-পরিচালকগণ তাঁদের নিজ নিজ অঞ্চলভুক্ত থানা/উপজেলার সকল সরকারি/বেসরকারি মাদ্রাসা হতে প্রথম ০২ (দুই) সপ্তাহের শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদানের মোট সংখ্যা থানা/উপজেলাভিত্তিক, জেলাভিত্তিক এবং পরিশেষে নিজ নিজ অঞ্চলের তথ্য সার-সংক্ষেপ আকারে সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত করে আগামী ২৩ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে ই-মেইলে ([ziaulhasan0000@gmail.com](mailto:ziaulhasan0000@gmail.com) অথবা [adtraining.dme@gmail.com](mailto:adtraining.dme@gmail.com)) প্রেরণ করবেন। উল্লেখ্য যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে প্রদত্ত নির্দেশনা এবং কোভিড ১৯ অতিমারির কারণে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

এ প্রেক্ষিতে তাঁর জেলাধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহের অধ্যক্ষগণকে তাঁদের নিজ নিজ প্রতিষ্ঠানে একটি পরিবীক্ষণ টিম গঠন করে অ্যাসাইনমেন্ট কার্যক্রম পরিবীক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট মূল্যায়ন সংক্রান্ত তথ্য ছক (সার-সংক্ষেপ)।

মোঃ জিয়াউল আহসান  
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
ফোন: ৪১০৩০১৯২  
[ziaulhasan0000@gmail.com](mailto:ziaulhasan0000@gmail.com)

জেলা শিক্ষা অফিসার (সকল)

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৪। আঞ্চলিক উপ-পরিচালক (সকল)
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

তাঁর আওতাধীন সকল আলিম, ফাজিল ও কামিল  
মাদ্রাসাসমূহে উল্লিখিত বিষয়টি নিশ্চিত করার জন্য  
অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

মোঃ সুলতান আহমেদ  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
ফোন: ৪১০৩০১৬৯  
[adtraining.dme@gmail.com](mailto:adtraining.dme@gmail.com)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)



**আলিম ২০২১ সালের পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রদত্ত অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত  
তথ্য ছক**

ক্রম						
১	অঞ্চলের নাম					
২	জেলার নাম					
৩	জেলা শিক্ষা অফিসারের নাম					
৪	ই-মেইল আইডি					
৫	মুঠোফোনের নম্বর					
৬	আওতাধীন মোট উপজেলা/থানার সংখ্যা					
৭	পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিরভিত্তিতে নির্ধারিত অ্যাসাইনমেন্ট গ্রিড অনুসারে তথ্য:					
	আওতাধীন সরকারি ও বেসরকারি মাদ্রাসার মোট সংখ্যা	২০২১ সালে আলিম পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর মোট সংখ্যা	১ম দুই সপ্তাহে অ্যাসাইনমেন্ট গ্রহণকারী শিক্ষার্থীর মোট সংখ্যা	১ম দুই সপ্তাহে অ্যাসাইনমেন্ট জমাদানকারী শিক্ষার্থীর মোট সংখ্যা	১ম দুই সপ্তাহে অ্যাসাইনমেন্ট জমাদান করেনি এমন শিক্ষার্থীর মোট সংখ্যা	মন্তব্য

জেলা শিক্ষা অফিসার  
স্বাক্ষর ও তারিখ (নামসহ সিল)